# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

৩য় বর্ষ
২য় সংখ্যা

জানুয়ারি-মার্চ
২০১৪ খ্রি.




## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

গত ২৬ মার্চ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে বাংলাদেশের ৪৪-তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার বিএইচবিএফসি কর্তৃক এ দিবসটি পালনের আনুষ্ঠানিকতায় নেতৃত্ব প্রদান করেন। এদিন প্রত্যুষে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গকারী শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে কর্পোরেশনের পক্ষে তিনি পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কর্পোরেশনের সকল বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাগণসহ প্রতিষ্ঠানটির বিপুলসংখ্যক কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। এদিকে ধানমন্ডিস্থ ৩২-নম্বর বাড়ির সামনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মোস্তাক আহমেদ পুষ্পার্ঘ্য অর্পণ করে স্বাধীনতার রূপকারের প্রতি শ্রদ্ধা জানান।

উল্লেখ্য, উক্ত শ্রদ্ধানিবেদন অনুষ্ঠানে কর্পোরেশনের সদর দফতর ছাড়াও প্রতিষ্ঠানটির ঢাকা, নারায়নগঞ্জ ও সাভারস্থ মোট সাতটি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এ উপলক্ষ্যে বিএইচবিএফসি শাখা, বঙ্গবন্ধু পরিষদ ও বঙ্গমাতা পরিষদের পক্ষ থেকেও স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের প্রস্তুতিস্বরূপ কর্পোরেশনের সদর দফতর ভবনটি বর্ণাঢ্য আলোকসজ্জায় সজ্জিত করা হয়।




## ১৭ মার্চ: বঙ্গবন্ধুর জন্মদিন

মুক্তির মশাল জ্বেলে
অধীনতার অমানিশা ঠেলে
সারাটা জীবন খেটে অক্লেশ—
হাজার বছরের বাঙালীর
একান্ত কামনার বীর
তুমি এনেছো বাংলাদেশ।

আমরা তোমার মানচিত্রটা তুলেধরি
প্রতিদিন জাতীয় পতাকাটা উঁচুকরি
আর বন্দনার গান গেয়ে শোধিতে চাই ঋণ—
একথা স্বীকৃত বিশ্বময়ঃ
মুজিবের তুলনা কেহই নয়;
অনন্য মহিমায় তোমার জন্মদিন।

জাতির জনকের
৯৪-তম জন্মবার্ষিকীতে

বিএইচবিএফসি'র শ্রদ্ধাঞ্জলি



"যারা কাজ করে তাদেরই ভুল হতে পারে
যারা কাজ করে না তাদের ভুলও হয় না।"
-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# শ্রেণীকৃত ঋণ আদায় ও অফিস পরিদর্শন কর্মসূচী



জোনাল অফিস, বরিশালে অফিস পরিদর্শনে ব্যবস্থাপনা পরিচালক
ড. মো. নুরুল আলম তালুকদার

শ্রেণীকৃত (Classified) ঋণ আদায় যেকোন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের জন্য সবচেয়ে দুরূহ ও চ্যালেঞ্জিং কাজ। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ক্ষেত্রে এই দুরূহ ও চ্যালেঞ্জিং কাজটি অতীব গুরুত্বপূর্ণ। গৃহায়ণ খাতে ঋণ প্রদান এবং আদায় কর্পোরেশনের মূল কাজ। বিতরণকৃত ঋণের সুদ-আয়ই প্রতিষ্ঠানটির মুনাফার মূল উৎস। ফলে, বিতরণকৃত মূল ঋণসহ প্রাপ্য সুদের বড় একটি অংশ খেলাপী হিসেবে অনাদায়ী থাকলে স্বল্পপুঁজির এ প্রতিষ্ঠানটির জন্য তা সংকটজনক অবস্থা সৃষ্টি করতে পারে।

সাম্প্রতিক সময়ে কর্পোরেশনের শ্রেণীকৃত ঋণ উল্লেখযোগ্য মাত্রায় কমে এলেও কর্তৃপক্ষ এর হার শূণ্যতে নামিয়ে আনতে দৃঢ় প্রতিজ্ঞ। বিএইচবিএফসি'র বর্তমান ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নুরুল আলম তালুকদার ২০১১ সালের জুলাই মাসে প্রতিষ্ঠানটিতে যোগদানের পর থেকেই শ্রেণীকৃত ঋণের খেলাপী অর্থ আদায়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন।

২০১০-২০১১ অর্থবছর পর্যন্ত কর্পোরেশনের শ্রেণীকৃত ঋণের আদায়যোগ্য টাকার অংশবিশেষ এবং অশ্রেণীকৃত ঋণের ফলডিউ ও ওভারডিউ-এর সমষ্টির ভিত্তিতে বার্ষিক আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হতো। বর্তমান ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব গ্রহণের পর ২০১১-২০১২ অর্থবছর থেকে শ্রেণীকৃত ঋণের আদায়যোগ্য শতভাগ টাকা এবং অশ্রেণীকৃত ঋণের ফলডিউ ও ওভারডিউয়ের সমুদয় অর্থ আদায়ের নীতি প্রবর্তন করেন। এরফলে ২০১০-২০১১ অর্থবছরের বার্ষিক আদায় লক্ষ্যমাত্রা ৩৮৫.০০ কোটি টাকার স্থলে ২০১১-২০১২ অর্থবছরে বার্ষিক আদায় লক্ষ্যমাত্রা দাঁড়ায় ৪১২.৫২ কোটি টাকায়। ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরে আদায় লক্ষ্যমাত্রা যথাক্রমে ৫৪২.৭২ ও ৫৩৮.০২ কোটি টাকায় উন্নীত হয়।

এভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং তা অর্জনে সর্বাত্মক আদায় তৎপরতার ফলে ডিসেম্বর ২০১৩ মাস পর্যন্ত আড়াই বছরে কর্পোরেশনের ১৫৭.৯৩ কোটি টাকার শ্রেণীকৃত ঋণ আদায় করা সম্ভব হয়েছে এবং শ্রেণীকৃত ঋণ থেকে আদায়কৃত অর্থের পরিমান প্রতিবছরই উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য, ২০১০-২০১১ অর্থবছর শেষে প্রতিষ্ঠানটির শ্রেণীকৃত ঋণের হার ছিল ১৫.৭০ শতাংশ যা ডিসেম্বর'১৩ শেষে ৭.৯৮ শতাংশে নেমে এসেছে। চলতি অর্থবছর শেষে কর্পোরেশনের শ্রেণীকৃত ঋণের হার ৬ শাতাংশে নেমে আসবে বলে আশা করা যায়।

বিএইচবিএফসি সবসময় পর্যাপ্ত বিনিয়োগ এবং জামানতসমৃদ্ধ সম্পত্তির বিপরীতে গৃহঋণ প্রদান করে থাকে। প্রায় প্রতিটি ঋণের বিপরীতে বন্ধকীকৃত সম্পত্তির বাজারমূল্য কর্পোরেশনের সমুদয় পাওনা অপেক্ষা কয়েকগুণ বেশি। উপরন্তু গৃহ-সম্পত্তি বা আবাস্থলের সাথে মানুষের সামাজিক মর্যাদা ও আবেগ-অনুভূতির নিবিড় এক বন্ধনের বিষয় জড়িত থাকে। ফলে, এ প্রতিষ্ঠানটির ঋণের অর্থ অনাদায়ী থাকা এবং ক্ষেত্রবিশেষে ঋণ শ্রেণীকৃত হওয়ার প্রবণতা অপর্যাপ্ত আদায় তৎপরতাই প্রমাণ করে– এমন উপলব্ধি থেকে সার্বিক আদায়, বিশেষত: শ্রেণীকৃত ঋণের আদায় কার্যক্রমকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এর সার্বক্ষণিক মনিটরিং ও জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে।

কর্পোরেশনের শ্রেণীকৃত ঋণ থেকে শতভাগ খেলাপী অর্থ আদায়ার্থে গতানুগতিক আদায় পন্থার পাশাপাশি নতুন নতুন কর্মকৌশলের প্রয়োগও নিশ্চিত করা হচ্ছে। প্রতিটি বাংলা নববর্ষে বিশেষ আদায় সপ্তাহ ও শুভ হালখাতা অনুষ্ঠানের আয়োজন করা হয়ে আসছে। এযাবৎ উদ্‌যাপিত বাংলা নববর্ষ ১৪১৯ ও ১৪২০ এর শুভ হালখাতা ও বিশেষ আদায় সপ্তাহে ২১.১৩ কোটি টাকার শ্রেণীকৃত ঋণ আদায় হয়। এসব অনুষ্ঠানে আমন্ত্রিত ঋণ গ্রহীতাদের খেলাপী ঋণ পরিশোধের প্রতিশ্রুতি প্রতিটি অর্থবছরের সার্বিক আদায় প্রবাহকে সমৃদ্ধ করে চলেছে।

খেলাপী ঋণ আদায়ের গতানুগতিক ব্যবস্থার অন্যতম দু'টি প্রান্তিক কৌশল হচ্ছে ঋণ পুন:তফসিলীকরন এবং আইনগত ব্যবস্থা গ্রহণ বা মামলা দায়েরকরন। লাগাতার আদায় তৎপরতার কারণে এসময়ে এসব প্রান্তিক কৌশল অবলম্বন ছাড়াই ভাল ফলাফল অর্জিত হচ্ছে।

সদর দফতরের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক শ্রেণীকৃত ঋণের গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধি এবং তাঁদের মাধ্যমে সংশ্লিষ্ট মাঠ-অফিসসমূহের আদায় কার্যক্রম সার্বক্ষণিক মনিটরিং-এর ফলে ইতিবাচক ফলাফল অর্জিত হচ্ছে। তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখাযায়, বিগত আড়াই বছরে মামলা নিষ্পত্তিতে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের ফলে ডিসেম্বর'১৩ পর্যন্ত আড়াই বছরে মোট ১৪২৬টি মামলা নিষ্পত্তি হয়। এর ফলে ২০১১ সালের ৩০ জুন এবং ২০১৩ সালের ডিসেম্বরের স্থিতি বিবেচনায় মামলা কমেছে ২৬.১৫ শতাংশ।

ব্যবস্থাপনা পরিচালকের মতে, মানুষের আর্থিক সামর্থ্য এবং সামাজিক মর্যাদা বৃদ্ধির প্রেক্ষাপটে খেলাপী ঋণ আদায়ের চূড়ান্ত পন্থা ঋণ পুনঃতফসিলিকরন এবং মামলা দায়েরকনের ছাড়াই আদায়ে উল্লেখযোগ্য সাফল্য পাওয়া সম্ভব। এ পেক্ষাপটে এসময়ে কর্পোরেশনের মাঠপর্যায়ের অফিসসমূহ পরিদর্শনে ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সকল পদমর্যাদার কর্মকর্তাদের ঋণ আদায়ে খেলাপীদের সাথে ব্যক্তিগত যোগাযোগ স্থাপনে লাগাতার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

কর্পোরেশনের শ্রেণীকৃত ঋণ আদায়ে কর্তৃপক্ষের এসব পদক্ষেপের ফলে ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ (প্রথম ৬ মাসে) অর্থবছরসমূহে আদায়কৃত শ্রেণীকৃত ঋণের পরিমাণ যথাক্রমে ৬০.২৪, ৬১.০১ ও ৩৬.৬৮ কোটি টাকা। আদায় বৃদ্ধির ফলে ঋণ মঞ্জুরী ও বিতরণেও প্রতিবছর প্রবৃদ্ধি অর্জিত হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় বৃদ্ধি তথা সার্বিক ব্যবসায়িক কর্মকান্ডে গতিশীলতার ইতিবাচক প্রভাব পড়েছে প্রতিষ্ঠানটির বার্ষিক মুনাফা অর্জনের ক্ষেত্রেও।

# হেপাটাইটিস-বি'র টিকাদান কর্মসূচী




গত ২৭ মার্চ বিএইচবিএফসি'র সদর দফতর প্রাঙ্গনে হেপাটাইটিস-বি ভাইরাস সনাক্তকরন ও টিকাদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের মহাব্যবস্থাপক আফরোজা গুল নাহার এদিন পূর্বাহ্নে কর্মসূচির উদ্বোধন করেন। কর্পোরেশনের মেডিকেল অফিসার ডা. জয়নাল আবেদীন তালুকদার এসময় উপস্থিত ছিলেন।

দিনব্যাপী এ কর্মসূচিতে কর্পোরেশনের বহুসংখ্যক কর্মকর্তা-কর্মচারী এবং তাদের পরিবার-পরিজন রক্ত পরীক্ষার মাধ্যমে বছরমেয়াদী চার ডোজের টিকা গ্রহণ শুরু করেন।

# ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদ্‌যাপন



কর্পোরেশনের সদর দফতর প্রাঙ্গনে নির্মিত শহীদ মিনার

গত ২১ ফেব্রুয়ারি দেশের সর্বত্র যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে অন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদ্‌যাপন করা হয়। এদিন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সদর দফতর প্রাঙ্গনস্থ শহীদ মিনারে কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে ভাষা শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এদিন প্রত্যুষে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উপস্থিত শতশত কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।




শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করছেন পর্ষদ চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক

কর্পোরেশনের সদর দফতর ছাড়াও ঢাকা, নারায়নগঞ্জ ও সাভারস্থ সাতটি জোনাল অফিসের পক্ষ থেকেও এসময় ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানিয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। ২২, পুরানা পল্টনস্থ কর্পোরেশনের সদর দফতর ভবনের সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও নিকটবর্তী অঞ্চলের নানা সংগঠন ও সাধারণ মানুষ এসময় শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করে। প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংগঠনের পক্ষ থেকে উপস্থিত লোকসমাগমে এসময় বিএইচবিএফসি প্রাঙ্গন মুখরিত হয়ে ওঠে। ভাষাদিবসে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, বিএইচবিএফসি শাখা এবং কর্মচারী সংগঠনের পক্ষ থেকেও শহীদের প্রতি আলাদাভাবে শ্রদ্ধা নিবেদন করা হয়।

দিবসটির আনুষ্ঠানিকতার দ্বিতীয় পর্বে কর্পোরেশনের শহীদ মিনারের সন্নিকটে 'একুশের চেতনা ও গুরুত্ব এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' প্রসঙ্গে এক উন্মুক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার দেশের মুক্তি সংগ্রামে ভাষা আন্দোলনের তাৎপর্যপূর্ণ প্রভাব সম্পর্কে আলোচনা করেন। জাতীয় জীবনে এ দিবসটির গুরুত্ব সম্পর্কে কতিপয় উচ্চপদস্থ কর্মকর্তাও তাঁদের বক্তব্য তুলে ধরেন। কর্পোরেশনের দুই মহাব্যবস্থাপক—আফরোজা গুল নাহার এবং কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত থেকে শ্রদ্ধা নিবেদন এবং আলোচনা সভায় অংশগ্রহণ করেন।




ভাষাদিবসের তাৎপর্য শীর্ষক আলোচনা সভায় উপস্থিত শ্রোতাবৃন্দের একাংশ। ইনসেটে বক্তৃতারত ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

# বিদায় সংবর্ধনা

গত ২৭ ফেব্রুয়ারি, কর্পোরেশনের একজন মহাব্যবস্থাপক ও একজন উপ-মহাব্যবস্থাপকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মহাব্যবস্থাপক কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরীকে সম্প্রতি বিএইচবিএফসি থেকে বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংকে বদলী করা হয়। অপরদিকে, কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মো. মিজানুর রহমান তালুকদার সম্প্রতি পূর্ণমেয়াদ চাকুরি শেষে অবসরোত্তর ছুটিতে গমন করেন। বিদায়ী এ দু'জন কর্মকর্তার বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসাবে তাঁদের হাতে ফুলের তোড়া, কর্পোরেশনের লোগো সম্বলিত ক্রেষ্ট এবং উপহার সামগ্রী তুলে দেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার তাঁর বক্তৃতায় বিদায়ী কর্মকর্তাদ্বয়ের সাথে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে কাজের স্মৃতিচারণ করেন এবং সাম্প্রতিক সময়ের উন্নয়নমূলক কর্মকান্ডে সর্বাত্মক সহযোগিতার জন্য তাঁদের ধন্যবাদ জানান। ২০১৪ সালের এ পর্যন্ত কর্পোরেশনের বিভিন্ন অফিস থেকে অবসরোত্তর ছুটিতে গমনকারী নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীদের প্রতিও এসময় তিনি শুভেচ্ছা ও শুভকামনা জ্ঞাপন করেন।



জনাব কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরী-কে কর্পোরেশনের লোগো-খচিত ক্রেস্ট উপহার দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক



জনাব মো. মিজানুর রহমান তালুকদার-কে কর্পোরেশনের লোগো-খচিত ক্রেস্ট উপহার দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক

## জানুয়ারি-মার্চ পর্যন্ত অবসরোত্তর ছুটিতে গমনকারী কর্মকর্তাবৃন্দ

| | নাম | পদবী | সর্বশেষ কর্মস্থল |
|---|---|---|---|
|  | মো. আব্দুল বারী | অফিসার | জোন-২ ঢাকা |
|  | কাজী খুরশেদ আলম | অফিসার | জি.এম দপ্তর ঢাকা |

# বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের অনুষ্ঠানে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক

গত ২৪ ফেব্রুয়ারি বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের তৃতীয় বার্ষিক সম্মেলন, সংগঠনের তিন বছর মেয়াদী কেন্দ্রীয় কমিটি গঠন ও বৃত্তিপ্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গণগ্রন্থাগার অধিদপ্তরের শওকত ওসমান মিলনায়তনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ প্রতিমন্ত্রী এ্যাড.প্রমোদ মানকিন এবং শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক। শুভেচ্ছা বক্তব্য রাখেন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব, আবুল কালাম আজাদ এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধান তদন্ত কর্মকর্তা আব্দুল হান্নান খান এবং উক্ত সমন্বয় পরিষদের মহাসচিব রাশেদুল হাসান শেলী। অনুষ্ঠানে বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক ম. হামিদসহ দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উল্লেখ্য, তিনি বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের নির্বাহী সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।




সমাজকল্যাণ প্রতিমন্ত্রীর হাতে পরিষদের ক্রেস্ট তুলে দিচ্ছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব। তাঁর বা পার্শ্বে দন্ডায়মান কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক



বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পর্ষদ চেয়ারম্যান মো. ইয়াছিন আলী




বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

# বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠান

গত ১৪ ফেব্রুয়ারি বিএইচবিএফসি'র ঢাকাস্থ অফিসসমূহের বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠান মানিকগঞ্জ জেলার কৈট্টাস্থ প্রশিকা মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র কম্পাউন্ডে অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের সদর দফতর এবং ঢাকা, নারায়ণগঞ্জ ও সাভারস্থ সাতটি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যদের অংশগ্রহনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার মনোরম পরিবেশে অনুষ্ঠিত এ অনুষ্ঠান সপরিবারে উপভোগ করেন। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা এবং আমন্ত্রিত বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গও এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



হাঁটা প্রতিযোগিতায় চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও আমন্ত্রিত গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দ

পেশাজীবনের গতানুগতিক ব্যস্ততা, ক্লান্তি ও গ্লানি ঝেড়ে ফেলে নতুন উদ্যম ও কর্মস্পৃহা অর্জনে বিনোদনের গুরুত্ব অনস্বীকার্য। এ উপলব্ধি থেকে কর্পোরেশন প্রতিবছর বর্ণাঢ্য ও উপভোগ্য বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠানের আয়োজন করে থাকে।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি, পরিচালনা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবার-পরিজনদের জন্য বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পদ-পদবী, নারী-পুরুষ এবং



ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করছেন চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক



চিত্তবিনোদন অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের একাংশ

# বিএইচবিএফসি'র শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সাম্প্রতিককালে বেশকিছু উল্লেখযোগ্য উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছেন। প্রতিষ্ঠানটিতে সিএসআর (কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি) তহবিলের প্রবর্তন এর অন্যতম। এই তহবিল প্রবর্তনের ফলে প্রতিষ্ঠানটি গরীব, দুঃস্থ ও বিপদাপন্ন মানুষের প্রতি সহায়তার হাত প্রশারিত করতে পারছে। বিগত বছরে সাভারে সংগঠিত রানা প্লাজা ধসে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে এ তহবিল থেকে মাননীয় প্রধানমন্ত্রীর হাতে অর্থসহায়তার চেক তুলে দিতে পারা একটি উল্লেখযোগ্য ঘটনা। প্রতিবছর শীতার্ত দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণে প্রতিষ্ঠানটির প্রশংসনীয় ভূমিকা উক্ত সিএসআর তহবিলের কল্যাণেই সম্ভব হচ্ছে।

মানবসেবা ও সমাজকল্যাণমূলক কার্যক্রমের অংশ হিসেবে সদ্য বিগত শীতে বিএইচবিএফসি দেশের শীতার্ত দু:স্থ ও অসহায় মানুষের মাঝে কয়েক হাজার পিস শীতবস্ত্র (কম্বল) বিতরণ করে। গত ১ ফেব্রুয়ারি শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় কর্পোরেশনের পক্ষে শীতার্তদের হাতে শীতবস্ত্র তুলে দেন মাননীয় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। এসময় কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উপস্থিত ছিলেন। এদিন ব্যবস্থাপনা পরিচালক শেরপুরের ঝিনাইগাতী এবং ২ ফেব্রুয়ারি টাঙ্গাইলের ঘাটাইল উপজেলায় নিজ হাতে শীতবস্ত্র বিতরণ করেন। এছাড়া, স্থানীয় প্রশাসনের সহায়তা নিয়ে কর্পোরেশনের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ নীলফামারী জেলার সদর ও ডিমলা উপজেলা এবং গাইবান্ধা জেলার সাঘাটা, ফুলছড়ি ও সুন্দরগঞ্জ উপজেলায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।



শেরপুরের নালিতাবাড়ি উপজেলায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করছেন মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী




টাঙ্গাইলের ঘাটাইল উপজেলায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

# শুদ্ধাচার কৌশল ও হিসাবায়ন শীর্ষক তিনদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ১৮মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত কর্পোরেশনের সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে তিনদিন ব্যাপী এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ১৮ মার্চ পূর্বাহ্নে এ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসেবে 'শুদ্ধাচার কৌশল ও হিসাবায়ন' শীর্ষক এ কোর্সের শুভ উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের বিভিন্ন অফিসের অফিসার ও সিনিয়র অফিসার পর্যায়ের মোট সাতাশ জন কর্মকর্তা এ কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে কর্পোরেশনের পরিকল্পনা ও মানব সম্পদ উন্নয়ন বিভাগের উপ-মহাব্যবস্থাপক এ. কে. এম মান্নান ভূঞা এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।




প্রশিক্ষণার্থীদের উদ্দেশে বক্তব্য রাখছেন ব্যবস্থাপনা পরিচালক

স্বল্পমেয়াদী এ প্রশিক্ষণ কোর্সটির সফল সমাপ্তিতে গত ২০ মার্চ এর সমাপনী এবং প্রশিণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক সনদপত্র বিতরণ করেন। পেশাগত দক্ষতার উন্নয়নকল্পে এধরণের প্রশিক্ষণের গুরুত্বের বিষয়ে আলোকপাত করে এ প্রশিক্ষণ থেকে লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা কর্পোরেশনের কাজে লাগানোর জন্য তিনি প্রশিক্ষণপ্রাপ্তদের প্রতি আহবান জানান।

# টাঙ্গাইলে স্থানান্তরিত অফিস উদ্বোধন ও অফিস পরিদর্শন

গত ৩১ জানুয়ারি কর্পোরেশনের টাঙ্গাইলস্থ রিজিওনাল অফিসের স্থানান্তরিত অফিসের শুভ উদ্বোধন করা হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার শহরের কেন্দ্রস্থল আকুরটাকুর পাড়ায় এ অফিসের শুভ উদ্বোধন করেন। কর্পোরেশনের টাঙ্গাইল অফিসের সম্মানিত ঋণ গ্রহীতা, উক্ত অফিসের কর্মকর্তা-কর্মচারী, সদর দফতরের উচ্চপদস্থ বিভিন্ন কর্মকর্তা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অফিস উদ্বোধনশেষে ব্যবস্থাপনা পরিচালক এ অফিসের সার্বিক কার্যক্রম ও ব্যবসায়িক অগ্রগতির বিষয়ে এক পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন। ঐ এলাকায় কর্পোরেশনের ঋণ মঞ্জুর, বিতরণ ও আদায় কার্যক্রম সম্পর্কে তিনি খোঁজ-খবর নেন এবং এতদ্বিষয়ে করণীয় সম্পর্কে কর্মকর্তাদের দিকনির্দেশনা প্রদান করেন। এসময় তিনি উপস্থিত ঋণ গ্রহীতাদের সাথেও সাক্ষাৎ করেন এবং তাঁদের সুবিধা-অসুবিধার বিষয়ে অবগত হন।



স্থানান্তরিত অফিসের উদ্বোধন উপলক্ষ্যে ফিতা কাটছেন ব্যবস্থাপনা পরিচালক

## টাঙ্গাইল অফিসের বার্ষিক চিত্তবিনোদন ও বনভোজন অনুষ্ঠিত




অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ ও ব্যবস্থাপনা পরিচালক

গত ১৭ মার্চ কর্পোরেশনের রিজিওনাল অফিস, টাঙ্গাইলের বার্ষিক চিত্তবিনোদন ও বনভোজন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। টাঙ্গাইল জেলার মির্জাপুরের বংশীনগর পার্কে আয়োজিত উক্ত বনভোজন অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। টাঙ্গাইল অফিসের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ এ অনুষ্ঠানে অংশগ্রহন করেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের জন্য বিভিন্ন ধরনের ক্রীড়া ইভেন্টের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয়পর্বে সকলের সত:স্ফূর্ত অংশগ্রহণে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, টাঙ্গাইল জেলার সন্তান কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালকের পরিবারের সদস্যবর্গও এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## বিএইচবিএফসিতে আটানব্বই জন কর্মকর্তার একযোগে পদোন্নতি

সম্প্রতি কর্পোরেশনের সিনিয়র অফিসার হতে উপ-মহাব্যবস্থাপক পর্যন্ত সাতটি গ্রেডে একযোগে মোট ৯৮ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। বিএইচবিএফসি'র ইতিহাসে এককালীন এত বিপুল সংখ্যক কর্মকর্তার পদোন্নতি ইতিপূর্বে কখনোই হয়নি।

বর্তমান ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব গ্রহনের পর কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোয় পরিবর্তনের উদ্যোগ নেন। ফলপ্রসূ এ উদ্যোগের ফলে ২০১৩ সালে মন্ত্রণালয়ের অনুমোদনপ্রাপ্ত সর্বশেষ সাংগঠনিক কাঠামোয় ৬৬টি প্রথম শ্রেণীর কর্মকর্তার পদ বৃদ্ধি পায়। নতুন সাংগঠনিক কাঠামো অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত বিভাগ ও অফিসে বাস্তবতা অনুযায়ী উচ্চপদস্থ কর্মকর্তাদের পদায়নের কার্যক্রম সম্পন্ন হওয়ায় প্রতিষ্ঠানটিতে নতুন কর্মচাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। মাঠপর্যায়ের অফিসগুলোতে নতুন উদ্যমের সঞ্চার হয়েছে।

বর্তমান সরকারের ভিশন-২০২১ এর লক্ষ্য অর্জনে প্রতিষ্ঠানটির সক্ষমতা অর্জনের ক্ষেত্রে বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নানামুখী কর্মপরিকল্পনা গ্রহণ করেন। ফলে, কর্পোরেশনের অপারেশনাল ও প্রশাসনিক কর্মকান্ডে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। গতিশীলতার এ ধারা অব্যাহত রাখার প্রয়োজনে পদোন্নতি প্রদানের এ কার্যক্রম একটি সময়োপযোগী পদক্ষেপ।

সাম্প্রতিক বছরগুলোতে কর্পোরেশনের কার্যক্রমে গতিশীলতা অর্জিত হওয়ায় এবং অফিস বিকেন্দ্রীকরণ ও নতুন অফিস চালুর ফলে সাংগঠনিক কাঠামোয় পরিবর্তন ও এ পদোন্নতি কার্যক্রম সময়ের দাবীতে পরিণত হয়। প্রতিষ্ঠানটির চাকুরি প্রবিধানমালা এবং পদোন্নতি নীতিমালা অনুযায়ী পর্ষদের অনুমোদনক্রমে এ পদোন্নতি কার্যক্রম বাস্তবায়িত হওয়ায় পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ অত্যন্ত খুশি ও আনন্দিত। এজন্য তাঁরা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

### শোক সংবাদ



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের জোনাল অফিস, জোন-১ এ কর্মরত পিয়ন মিসেস মাজেদা বেগম গত ১৯ ফেব্রুয়ারি রোজ বুধবার রাত ৩টায় ঢাকাস্থ উত্তরা আধুনিক মেডিকেল কলেজ ও হাসপাতালে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) মিসেস মাজেদা ১৯৫৮ সালের ১ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলার সদর থানার মঙ্গলহর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ১২ আগস্ট ১৯৭৭ খ্রি. তারিখে কর্পোরেশনের চাকুরিতে যোগদান করেন এবং অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।
মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর। তিনি স্বামী, ছয় ছেলে, এক মেয়ে ও নাতি-নাতনিসহ বহু আত্মীয়স্বজন ও শুভাকাঙ্খী রেখে গেছেন। বিএইচবিএফসি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দের পক্ষ থেকে মিসেস মাজেদা বেগম এর মৃত্যুতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা যাচ্ছে।

# বিএইচবিএফসি আদর্শ উচ্চবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান



ঢাকার উত্তরাস্থ ৮ নম্বর সেক্টরের আলাউল এভিন্যু-এ কর্পোরেশনের স্টাফ কোয়ার্টার চত্তরের প্রবেশমুখে একটি শিশু শিক্ষালয়। ১৯৮৪ সালে ছোট্ট সোনামনিদের প্রাথমিক শিক্ষার বন্দোবস্ত করণের লক্ষ্যে এর প্রতিষ্ঠা ঘটেছিল। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন বিধিবদ্ধ একটি সরকারী আর্থিক প্রতিষ্ঠান হয়েও ব্যবসায়িক কার্যক্রমের পাশাপাশি এ প্রতিষ্ঠানটির মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে সামান্যতম অবদান রেখে সামাজিক দায়িত্ব পালন করে চলেছে। বর্তমানে এটি একটি মাধ্যমিক বিদ্যালয় এবং সহস্রাধিক শিক্ষার্থীর প্রাণচঞ্চল পদভারে মুখরিত শিক্ষাঙ্গন। প্রতিষ্ঠানটির শিক্ষার পরিবেশ এবং বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষায় অর্জিত ফলাফল সন্তোষজনক।



কর্পোরেশনের উচ্চপদস্থ কর্মকর্তাদের তত্ত্বাবধান এবং পরিচালনায় বিদ্যালয়টি দিনেদিনে উন্নতিলাভ করছে। সাম্প্রতিক সময়ে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকের আগ্রহপূর্ণ পৃষ্ঠপোষকতায় বিদ্যালয়টিতে শিক্ষার সুযোগ, মান ও পরিবেশের উন্নতি অব্যাহত আছে।

গত ৮ মার্চ বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শিক্ষাঙ্গনটির পার্শ্ববর্তী স্টাফ কোয়ার্টার খেলার মাঠে অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় সচিব ভূঁইয়া সফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী ও ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার।




দিনব্যাপী অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী বিদ্যালয়ের শিক্ষার্থী এবং অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের জন্য আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে প্রধান ও বিশেষ অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক আফরোজা গুল নাহার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মজিবর রহমান, অন্যান্য শিক্ষকবৃন্দ, কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং শিক্ষার্থীদের অবিভাবকবৃন্দ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## শুভ নববর্ষ ১৪২১ বঙ্গাব্দ এর শুভেচ্ছা

প্রধান পৃষ্ঠপোষক : ড. মো. নূরুল আলম তালুকদার, ব্যবস্থাপনা পরিচালক
পৃষ্ঠপোষকবৃন্দ : আফরোজা গুল নাহার, মহাব্যবস্থাপক (প্রশাসন)
সম্পাদক মন্ডলী : এ. কে. এম মান্নান ভূএগ্রা, উপ-মহাব্যবস্থাপক (পিএইচআরডি)
মো. বদিউজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার
প্রকাশনা : পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি
২২, পুরানা পল্টন, ঢাকা -১০০০, E-mail : bhbfc@bangla.net
Web : www.bhbfc.gov.bd